দৈনিক খবর

তারিখ 28 SEP 1988 পৃষ্ঠা 4 কলাম 7

035

## বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অনুদানের টাকা

আমরা অত্যন্ত দুঃখের সংগে মহামান্য রাষ্ট্রপতির সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ইতিপূর্বে ঘোষণা দেয়া সত্ত্বেও বেসরকারী শিক্ষক-কর্মচারীগণ জুলাই-আগস্ট মাসের অনুদানের টাকা এখনও পাননি। সাম্প্রতিক সর্বনাশা বন্যায় শিক্ষক-কর্মচারীগণও নিদারুণ ক্ষতির মাঝে অতিশয় কষ্টের জীবনযাপন করছেন বিধায় জুলাই-আগস্ট মাসের অনুদান অবিলম্বে বিলি-বন্টনের পাশাপাশি সেপ্টেম্বর মাসের টাকাও যাতে পরবর্তী মাসের প্রারম্ভেই শিক্ষক-কর্মচারীদের হস্তগত হয় তার বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষকদরদী মহামান্য রাষ্ট্রপতির নিকট আকুল আবেদন জানাচ্ছি।

আগস্ট-সেপ্টেম্বরে বন্যার কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ছাত্র বেতন আদায় হয়নি এবং আদায়ের আশু সম্ভাবনাও নেই। তাই শিক্ষক-কর্মচারীগণ দারুণ উৎকণ্ঠায় দিনাতিপাত করছেন। এরূপ সংকটময় পরিস্থিতিতে সেপ্টেম্বর-নভেম্বর কোটার টাকা আগাম প্রদান করলে ৮৫% গ্রামবাসী শিক্ষক-কর্মচারী বন্যাত্তোর পুনর্বাসনসহ বাঁচার সংগ্রামে কিছুটা স্বস্তি পাবে বিধায় মহামান্য রাষ্ট্রপতিকে তা বিবেচনা করারও আকুল প্রার্থনা জানানো হচ্ছে।

বেসরকারী শিক্ষক-কর্মচারীর পক্ষে
বিএম আফজাল
সভাপতি
বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি।